

ঢাকা ॥ সোমবার
১৮ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
৩ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ



সাউথইস্ট ব্যাংকের ভাইস

চেয়ারপারসন হলেন

রেহানা রহমান

মিসেস রেহানা রহমান
সাউথইস্ট ব্যাংক
পিএলসির পরিচালনা
পর্ষদের ভাইস
চেয়ারপারসন হিসেবে
পুনরায় নির্বাচিত
হয়েছেন। সম্প্রতি
অনুষ্ঠিত পরিচালনা



পর্ষদের ৭৭৭তম বোর্ড সভায় পরিচালকদের
সর্বসম্মতিক্রমে তাকে পুনরায় ব্যাংকের
ভাইস চেয়ারপারসন হিসেবে নির্বাচিত করা
হয়। মিসেস রেহানা রহমান বাংলাদেশের
একজন সফল নারী উদ্যোক্তা। তিনি বেঙ্গল
ট্রেডওয়েজ লিমিটেডের ব্যবস্থাপনা
পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।
এছাড়া তিনি সিএইচবি বিল্ডিং টেকনোলজিস
লিমিটেডের পরিচালক এবং বাংলাদেশ
চেম্বার অব ইন্ডাস্ট্রিজের একজন পরিচালক
হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।
মিসেস রেহানা রহমান বিভিন্ন সামাজিক ও
সাংস্কৃতিক সংগঠনে সক্রিয়ভাবে যুক্ত
রয়েছেন। তিনি নর্থসাউথ ইউনিভার্সিটির
প্রতিষ্ঠাতা সদস্য (আজীবন) এবং সাবেক
চেয়ারপারসন হিসেবে দায়িত্ব পালন
করেছেন। এছাড়া, তিনি ইউনাইটেড
নেশনস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের
সদস্য এবং বাংলাদেশ নারী উদ্যোক্তা
সমিতির সভাপতি।